বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৭/২০১৫ তারিখঃ ২৭/০৫/২০১৫

বিষয়ঃ **কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সুপারিশমালা বাস্তবায়নের জন্য অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে প্রদত্ত নির্দেশনার আলোকে বিদ্যমান ঋণ পোর্টফলিও বিশ্লেষণপূর্বক ব্যাংকটিকে লাভজনক পর্যায়ে উন্নীত করার নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।**

বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এ বিধৃত কার্যক্রম এর আওতায় ব্যাংকটিকে লাভজনকভাবে পরিচালনার লক্ষ্যে বিদ্যমান ঋণ Portfolio বিশ্লেষণ পূর্বক Portfolio অনুযায়ী প্রধান প্রধান খাত বিশেষভাবে কৃষি, অকৃষি, বাণিজ্যিক, হত দরিদ্র, বৈদেশিক বিনিময় ব্যবসা ইত্যাদি খাতে বিতরণকৃত ঋণের উল্লেখযোগ্য উপ-খাত সমূহের ঋণের তথ্যের পাশাপাশি ভবিষ্যতে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কোন্ কোন্ খাতে ঋণ বিতরণ বন্ধ করা, কোন কোন্ খাতে ঋণ বিতরণ সীমিত করা, কোন্ কোন্ খাতে ঋণ বিতরণ নিরুৎসাহিত করা এবং কোন খাতে কত টাকা ঋণ বিতরণ করা হলে ব্যাংকটি লাভজনকভাবে পরিচালনা করা যাবে এতৎসংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উল্লেখপূর্বক তা বিশ্লেষণ করে একটি প্রস্তাবনা বিগত ৩০/০৪/২০১৫ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৬৩৬ তম সভায় উপস্থাপন করা হয়।

উপস্থাপিত প্রস্তাবনার আলোকে ব্যাংকটিকে লাভজনকভাবে পরিচালনা করার লক্ষ্যে ব্যাংকের প্রধান প্রধান খাত বিশেষভাবে কৃষি,অকৃষি,বানিজ্যিক,হতদরিদ্র বৈদেশিক বিনিময় ব্যবসা ও এসএমই ঋণ খাত ও উপখাতে ব্যাংকের খাত ভিত্তিক অনাদায়ী ঋণ স্থিতি বিশ্লেষন ও পর্যালোচনা পূর্বক পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। পর্ষদের সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বিভিন্ন বিভাগ সংশ্লিষ্ট বিধায় শিরোনাম উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট বিভাগকে এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উহা পরিপত্র আকারে জারী করা হলো।

(ক) **শ্রেণীকৃত ঋণ আদায়/হ্রাস ঃ** শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে হ্রাস করে Performing Assets বৃদ্ধি করে ব্যাংকের আয় বৃদ্ধির ক্ষেত্র সম্প্রসারণ করতে হবে। এক্ষেত্রে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধি এবং গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে। মাঠ পর্যায়ে প্রদত্ত ব্যবসায়িক ক্ষমতা সঠিকভাবে প্রয়োগের মাধ্যমে ঋণ মঞ্জুরি, শ্রেণীকৃত ঋণ পুনঃতফশিলিকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে মওকুফের আওতায় শ্রেণীকৃত ঋণ প্রতিবছর বিদ্যমান হার থেকে ১০.০০% হ্রাস করার ব্যবস্থা গ্রহণ গ্রহন করতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ- ঋণ আদায় বিভাগ,প্রকল্প পরিধারণ বিভাগ,ক্রেডিট বিভাগ-১, প্রজেক্ট ক্রেডিট বিভাগ, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, এসএমই বিভাগ এবং মাঠ কার্যালয়)।

(খ) **গুনগত মানের কৃষি ঋণ বিতরণ ঃ** কৃষি ঋণ,বিশেষ করে শস্য ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়ায় মাঠ পর্যায়ে মাঠকর্মী,২য় কর্মকর্তা ও ব্যবস্থাপক কর্তৃক সঠিকভাবে পরীক্ষা নিরীক্ষাপূর্বক দ্রুততা ও স্বচ্ছতার সাথে বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে কাগজে/কৃত্রিম লেনদেন ও মধ্যস্বত্ত্ব ভোগীদের সংশ্লিষ্টতা বন্ধ করে প্রকৃত কৃষকদের ঋণ বিতরণ ও নগদে আদায় নিশ্চিত করতে হবে এবং যে কোন প্রকার অনিয়মের বিরুদ্ধে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কৃষকের প্রাপ্যতা ও ঋণ পরিশোধের সুবিধার্থে চলতি মূলধন ঋণের আদলে লিমিট আকারে শস্য/ফসল ঋণ মঞ্জুরি এবং মেয়াদান্তে সুদ আদায়ের মাধ্যমে নবায়ন করার নীতিমালা প্রণয়ন করা যেতে পারে ( বাস্তবায়ন ও কার্যকরণ - ক্রেডিট বিভাগ-১,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং মাঠ কার্যালয়)।

(গ) **আমানতের সুদব্যয় হ্রাসকরণ ঃ** বর্তমানে কস্ট অব ফান্ড ১১.৪৯% । উচ্চ সুদবাহী আমানত পরিহার করে স্বল্প সুদবাহী আমানত দ্বারা বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করতে হবে। মেয়াদি আমানত নিরুৎসাহিত করে প্রতি বছর আমানত ব্যয় ন্যূনতম ১০.০০% হ্রাস করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ - কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এবং মাঠ কার্যালয়)।

(ঘ) **কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প /এসএমই খাতে বিনিয়োগ বৃদ্ধি ঃ** অপেক্ষাকৃত অধিক সুদবাহী ঋণ যেমন অগ্রাধিকারপ্রাপ্ত কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, চলতি মূলধন, নগদ পুজিঁ ঋণসহ এসএমই খাতে নতুন নতুন ঋণ বিতরণের ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণ করতে হবে। পরীক্ষিত ঋণ গ্রহীতাদের মধ্য থেকে সঠিকভাবে গ্রাহক নির্বাচন করে অপেক্ষাকৃত অধিক সুদ হারে কৃষি সংশ্লিষ্ট ব্যবসা/বাণিজ্যিক খাতে স্বচ্ছতার সাথে ঋণ বিতরণ কার্যক্রম গ্রাম পর্যায়ে সম্প্রসারণ করা যেতে পারে। গ্রাহকের আমানত/ সঞ্চয় স্কীমের বিপরীতে কৃষি কাজ/ক্ষুদ্র ব্যবসা খাতেও ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে(বাস্তবায়ন ও কার্যকরণ-ক্রেডিট বিভাগ-১, প্রজেক্ট ক্রেডিট বিভাগ,এসএমই বিভাগ,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং মাঠ কার্যালয়)।

(ঙ) **বৈদেশিক বাণিজ্য খাতে বিনিয়োগ ঃ** কৃষি সংশ্লিষ্ট শিল্প সেবা/পণ্যের মধ্যে বৈদেশিক বাণিজ্য সীমিত রাখতে হবে। সরকার নির্ধারিত কোটা ভিত্তিক খাতসমূহে সরকারি নিশ্চয়তায় বৈদেশিক বাণিজ্য ব্যবসাসহ অন্যান্য বৈদেশিক বাণিজ্য ব্যবসা চলমান রেখে এখাতে আটকেপড়া শ্রেণীকৃত ঋণ আদায় ও নন-ফান্ডেড পাওনা সমন্বয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ- আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ এবং মাঠ কার্যালয়)।

(চ) **সুদ ভর্তুকি প্রাপ্তি নিশ্চিতকরণঃ** সরকার ও বাংলাদেশ ব্যাংক নির্ধারিত শস্য ও কৃষি ঋণ খাতে কস্ট অব ফান্ডের তুলনায় কম সুদে ঋণ বিতরণ করা হয়। বর্তমানে কৃষি খাতে ঋণ স্থিতি মোট ঋণের ৬৭%। তাই যৌক্তিক কারণে সরকারের নিকট হতে প্রাপ্য ও সম্ভাব্য সুদ ভর্তুকি প্রাপ্তি নিশ্চিত করতে হবে (বর্তমানে কস্ট অব ফান্ড ১১.৪৯% এবং কৃষি ঋণের সুদ হার ১১.০০%)। (বাস্তবায়ন ও কার্যকরণ- কেন্দ্রীয় হিসাব বিভাগ-১)।

চলমান পাতা-০২

(ছ) **বাংলাদেশ ব্যাংক থেকে বর্ধিত লিমিট মঞ্জুরি ঃ** বাংলাদেশ ব্যাংকের নিকট বিদ্যমান পুন:অর্থায়নের দায় ব্লক হিসাবে স্থানান্তর পূর্বক কিস্তিতে পরিশোধের সুযোগসহ নতুনভাবে লিমিট আকারে ১০০০.০০কোটি টাকার তহবিল মঞ্জুরীর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এতে প্রয়োজনের সময় তহবিল সরবরাহ নিশ্চিত হবে এবং ব্যাংকের তহবিল ব্যবস্থাপনা ব্যয় হ্রাস পাবে (বাস্তবায়ন ও কার্যকরণ- কেন্দ্রীয় হিসাব বিভাগ-১)।

(জ) **সরকারি তহবিল প্রাপ্তি ঃ** ব্যাংক সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন সামাজিক দায়বদ্ধতামূলক কর্মকান্ড যথা- হতদরিদ্র কৃষক,মুক্তিযোদ্ধা ও অন্যান্য বঞ্চিত মানুষের জন্য ১০/- (দশ) টাকার ব্যাংক হিসাব খোলা, বয়স্ক ও বিধবা ভাতা প্রদান, সামরিক পেনশন প্রদানসহ অন্যান্য আর্থিক সেবামূলক কর্মকান্ড পরিচালনা করছে। এক্ষেত্রে দারিদ্র বিমোচনে বৈদেশিক সাহায্যসহ অন্যান্য প্রকল্পের তহবিল অত্র ব্যাংকে সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ- কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ , রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ ও মাঠ কার্যালয়)।

(ঝ) **জনবল নিয়োগ ঃ** ব্যাংকের অনুমোদিত জনবল ১৫,৪৪২ জন এর মধ্যে বিদ্যমান জনবল ১০,৫১১ জন এবং ঘাটতি জনবল ৪৯৩১ জন। দ্রুত ঘাটতি জনবল নিয়োগ, আইটি ভিত্তিক ব্যাংকিং এবং ঋণ মূল্যায়নকারী কর্মকর্তাগণকে বিশেষভাবে প্রশিক্ষিত জনশক্তি হিসাবে গড়ে তুলতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ-হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১)।

(ঞ) **আইটি/কম্পিউটারাইজেশন ঃ** ব্যাংকের ১০২৯ টি শাখার মধ্যে ১৮০ টি শাখায় কম্পিউটার ব্যাংকিং চালু আছে। ব্যাংকটিকে আইটি বেইজড করার লক্ষ্যে অবশিষ্ট ৮৪৯টি শাখা পর্যায়ক্রমে দ্রুততার সাথে কম্পিউটার ব্যাংকিং এর আওতায় এনে সুষ্ঠু তথ্য ব্যবস্থাপনা ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদান এবং উদ্বৃত্ত জনবল মাঠ পর্যায়ে নিয়োজিত করতে হবে (বাস্তবায়ন ও কার্যকরণ-আইসিটি অপারেশন বিভাগ)।

০২। ব্যাংকের পোর্টফলিওর আওতায় ব্যাংকটিকে লাভজনকভাবে পরিচালনার বিষয়ে পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত ও নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। নির্দেশনা সমূহ সংশ্লিষ্ট বিভাগ বাস্তবায়ন ও কার্যকরণ করবেন এবং মাঠ কার্যালয় তদারকী/তত্ত্বাবধান ও পরিধারণ পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করবেন ।

২৯.৫.১৫.

(এম এ ইউসুফ)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা ক্রেঃবিঃ-১/৪৯(১)/২০১৪-১৫/৮১৮(১২৫০)

তারিখঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর. বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয় সমূহ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস বিভাগ **(উক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন অনুরোধ করা হলো)** ।
০৭। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহ ।
০৯। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আগ্রাবাদ/চট্টগ্রাম/কাওরান বাজার/খুলনা/সিলেট/বনানী/নারায়নগঞ্জ কর্পোরেট শাখাসমূহ।
১০। সকল প্রমোটারবৃন্দ (সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক),বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ ।
১২। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ ।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৪। নথি / মহানথি।

২৯.০৫.১৫

(বশির আহ্‌মেদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩